

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.০৮৬.২৩ নথির বিষয়: Repairing, maintenance & servicing of sludge extraction drain line of sedimentation basin(Old).

নোট: ১ নোটের বিষয়: Repairing, maintenance & servicing of sludge extraction drain line of sedimentation basin(Old) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৪/৭/২৩ ৮:০৩ পূর্বাহ্ন

সংযুক্তি ক্র: নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টে পানি পরিশোধনের জন্য ২টি সেডিমেটেশন বেসিন রয়েছে। একটি সেডিমেটেশন বেসিন প্লান্টের শুরু থেকে ও অপরটি বি.এম.আর. ই অর্থাৎ ১৯৯৭ সালে স্থাপন করা হয়েছে। পুরাতন সেডিমেটেশন বেসিনে মোট ৪টি ৮ ইঞ্চি ডায়ার স্লাজ এক্সট্রাকশন ড্রেন লাইন রয়েছে। ড্রেন লাইনগুলো গেট ভাল্ব, শ্যাফট, সকেট, ফ্লাঞ্জ ও ছইল এর সমন্বয় তৈরি। উক্ত স্লাজ এক্সট্রাকশন ড্রেন লাইনগুলো সার্বক্ষণিক পানির নিচে নিমজ্জিত থাকে বিধায় এগুলো ক্রটিমুক্ত রাখতে হয়। ড্রেন লাইনে লিকেজ থাকলে কেমিক্যাল মিশ্রিত পানির অপচয় হয়। ফলে প্লান্টের পানির উৎপাদন কমে যায়। প্লান্ট অপারেশনের সময় ড্রেন লাইনগুলো বন্ধ থাকে। সেডিমেটেশন বেসিন শিডিউল ক্লিনিং কাজের সময়ে ড্রেন লাইন অপেন করতে হয়। দীর্ঘদিন ধরে ড্রেন লাইনের গেট ভাল্বগুলো ব্যবহারের ফলে এর শ্যাফট, সকেট ও ফ্লাঞ্জ প্রসেস কেমিক্যাল প্রভাবে ও পানির নিচে থাকায় এগুলো ভেঙ্গে/নষ্ট হয়ে গিয়েছে। এছাড়া গেট ভাল্বগুলোও সঠিকভাবে অপেন ক্লোজ হচ্ছে না। ফলে প্রসেস কেমিক্যাল মিশ্রিত পানির অপচয় হচ্ছে। সেডিমেটেশন বেসিনের শিডিউল ক্লিনিং চলছে। সেই কারণে এই সময়ে বিদ্যমান ৪টি স্লাজ এক্সট্রাকশন ড্রেন লাইনের ক্রটিযুক্ত ২টি অর্থাৎ ১ ও ৪ নং ড্রেন লাইন মেরামতের স্পেসার পার্টস ক্রয়সহ গেট ভাল্বগুলো মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং করা প্রয়োজন। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে(ক্র: নং-৩ দ্র:)। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:৪৯,৫৬০.০০ (উনপঞ্চাশ হাজার পাঁচশত ষাট) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডস জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে। কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১০৭, প্যাকেজ নং-ইউইউএস-১ থোক বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার পানি ও পয়ঃশোধনাগার(ও এন্ড এম) খাতের থোক বরাদ্দের কপি।

২। দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।

৩। পুরাতন সেডিমেটেশন বেসিনের স্লাজ এক্সট্রাকশন ড্রেন লাইন মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৪/৭/২৩ ৮:০৪ পূর্বাহ্ন

চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের পুরাতন সেডিমেটেশন বেসিনের স্লাজ এক্সট্রাকশন ড্রেন লাইন মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজটি ঢাকা ওয়াসার তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স শাহিন ট্রেড ইন্টারন্যাশনালকে নিয়োজিত করে পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয় পদ্ধতি(ডিপিএম) এ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৪/৭/২৩ ৮:০৬ পূর্বাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে জরুরী বিবেচনায় চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের পুরাতন সেডিমেটেশন বেসিনের ১ ও ৪ নং স্লাজ এক্সট্রাকশন ড্রেন লাইন মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজে উপস্থাপিত সর্বমোট টা:৪৯,৫৬০.০০ (উনপঞ্চাশ হাজার পাঁচশত ষাট)টাকা কাজের প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর ২০০৮ এর ৭৬(১)(ট) ধারায় সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম) তে মেসার্স শাহিন ট্রেড ইন্টারন্যাশনাল এর মাধ্যমে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।

২৪/৭/২৩ ৮:২০ পূর্বাহ্ন
সম্মতি মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

২৪/৭/২৩ ১০:৪২ পূর্বাহ্ন
মোঃ ইলিয়াস হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-২

২৪/৭/২৩ ২:৪৯ অপরাহ্ন
মোঃ ফিরোজ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২

২৪/৭/২৩ ৪:২৮ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সান্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

২৪/৭/২৩ ৪:২৮ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিকল্পন ও
রক্ষণাবেক্ষণ)


অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১/৮/২৩ ৬:৫৭ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


অনুমোদিত



১/৮/২৩ ৬:৫৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



৩/৮/২৩ ১০:১১ অপরাহ্ন
মোঃ ফিরোজ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২



৩/৮/২৩ ১১:৫৯ অপরাহ্ন
সম্মিট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা